



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইক্সটন, ঢাকা।

স্মারক নং-৪৯.০০৩.০৯৯.০৮.০৬৯.২০১৫-১৬৪

তারিখ: ০৮.১১.২০১৭

বিষয়: প্রবাসী কল্যাণ ব্যাংকের নভেম্বর ২০১৭ মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভার সভাপতি:

জনাব বদরে মুনির ফেরদৌস, উপব্যবস্থাপনা পরিচালক ও ইনোভেশন অফিসার।

সভার স্থান:

উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কক্ষ।

সভার তারিখ ও সময়:

০৬ নভেম্বর ২০১৭ সোমবার, বিকাল ০৩.০০ মিঃ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোনো সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	ইনোভেশন টিম পুনঃগঠন	ব্যাংকের মহাব্যবস্থাপক মহোদয়ের বদলিজনিত কারণে ব্যাংকের ইনোভেশন টিম পুনঃগঠনের বিষয়ে আলোচনা হয়।	আইটি বিভাগের বিভাগীয় প্রধানকে অর্ণব্বুক্ত করে ইনোভেশন টিম পুনঃ গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।
০২	ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত।	বর্তমানে এটুআই হতে ট্রেনিং সার্ভারে ই-নথি পরীক্ষামূলকভাবে ব্যবহার করার জন্য কর্মকর্তাদের প্রোফাইল তৈরী করা হয়েছে এবং ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে সভায় জানানো হয়।	চলতি নভেম্বর ২০১৭ এর মধ্যে সকল কর্মকর্তাকে ইউনিকোড ব্যবহার নিশ্চিতপূর্বক ই-নথির পরীক্ষামূলক ব্যবহার সম্পন্ন করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
০৩	SIP(Small improvement project) এর তালিকা প্রস্তুত সংক্রান্ত আলোচনা।	সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী SIP(Small improvement project) এর তালিকা প্রস্তুত সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়।	সভাপতি মহোদয় SIP(Small improvement project) এর তালিকা নির্ধারিত ছক মোতাবেক প্রস্তুতপূর্বক নির্দেশনা মোতাবেক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন।
০৪	নাগরিক সেবায় উত্তীবন বিষয়ে ২য় ব্যাচের দুইদিনের প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত।	গত ০৬-০৭ অক্টোবর নাগরিক সেবায় উত্তীবন বিষয়ক ০২ ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে বলে সভায় জানানো হয়।	উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাইয়ের জন্য পরবর্তী সভায় এর সার সংক্ষেপ উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।

সভার আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/১১

(বদরে মুনির ফেরদৌস)

উপব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব)

ও

ইনোভেশন অফিসার, প্রবাসী কল্যাণ ব্যাংক।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

- মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- বিভাগীয় প্রধান, সকল বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মোঃ শরীফুল হক, এসইও, আইটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- অফিস কঠিন।